গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াকান্দি, রাজবাড়ী।
www.baliakandi.rajbari.gov.bd

স্মারক নং-০৫.৩০.৮২০৭.০০৩.০২.০১৩.২২-১১০ তারিখ : ০৫/০২/২০২৩খ্রি.

**"১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"**

এতদ্দারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বালিয়াকান্দি উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩০ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারীকৃত নীতিমালা মোতাবেক ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত নির্ধারিত শর্ত সাপেক্ষে ইচ্ছুক দরপত্র দাতাগণের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম (১) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী, (২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বালিয়াকান্দি,রাজবাড়ী, (৩) উপজেলা ভূমি অফিস, বালিয়াকান্দি, রাজবাড়ী, (৪) বালিয়াকান্দি থানা এবং (৫) সোনালী ব্যাংক লিঃ, বালিয়াকন্দি শাখা হতে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) তফসিলে বর্ণিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় ক্রয় করা যাবে।

নিম্নবর্ণিত তফসিলের ৭ নং কলামে উল্লিখিত নির্ধারিত তারিখ ও সময়ে (১) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী, (২) পুলিশ সুপারের কার্যালয়, রাজবাড়ী, (৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বালিয়াকান্দি, রাজবাড়ী এবং (৪) উপজেলা ভূমি অফিস, বালিয়াকান্দি, রাজবাড়ীতে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিন বিকাল ০৩.৩০ টায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ীর অনুকূলে উদ্ধৃত মূল্যের ৩০% জামানত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। বর্ণিত তফসিলের ৪ নং কলামে উল্লিখিত সরকারি মূল্যের নিম্নের কোন দরপত্র কিংবা নীতিমালা অনুযায়ী কাঙ্খিত ইজারামূল্য না পাওয়া পর্যন্ত ৬ -৮ নং কলামে বর্ণিত ধার্য্যকৃত তারিখসমূহে পর্যায়ক্রমে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ, স্থান ও সময়সূচি অনুযায়ী দরপত্র বিক্রয় ও গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে । দরপত্র দাখিলের তারিখে কাঙ্খিত ইজারামূল্য পাওয়া গেলে উক্ত হাট-বাজারসমূহের বিপরীতে পরবর্তী তারিখের দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্যাদি প্রতি কার্যদিবসে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। যে কোন দরপত্র গ্রহণ/ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪৩০ বঙ্গাব্দের সরকারি মূল্য | দরপত্র সিডিউলের মূল্য (অ-ফেরতযোগ্য) | দরপত্র ক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন ) | প্রতি পর্যায়ে দরপত্র দাখিলের তারিখ ও সময় | প্রতি পর্যায়ে দরপত্র বাক্স খোলার সময় ও মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | রামদিয়া | ইসলামপুর | ৩৪৯২৯৪/- | ১৪০০/- | **১ম পর্যায়**<br>২২/০২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত (বিকাল ৫.০০টা পর্যন্ত)<br>**২য় পর্যায়**<br>০৫/০৩/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত (বিকাল ৫.০০টা পর্যন্ত)<br>**৩য় পর্যায়**<br>১৫/০৩/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত (বিকাল ৫.০০টা পর্যন্ত)<br>**৪র্থ পর্যায়**<br>২৯/০৩/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত . (বিকাল ৫.০০টা পর্যন্ত) | **১ম পর্যায়**<br>২৩/০২/২০২৩খ্রিঃ (সকাল ০৯.০০ টা হতে বেলা ০১.০০ পর্যন্ত)<br>**২য় পর্যায়**<br>০৬/০৩/২০২৩খ্রি (সময়-ঐ-)<br>**৩য় পর্যায়**<br>১৬/০৩/২০২৩খ্রিঃ (সময়-ঐ-)<br>**৪র্থ পর্যায়**<br>৩০/০৩/২০২৩ খ্রিঃ (সময়-ঐ-) | দরপত্র দাখিলে দিন বিকাল ০৩.৩০ টায় দরপত্র বাক্স খোলা হবে।<br>এবং<br>১ম পর্যায়ে যে সকল হাট-বাজারের দাখিলকৃত দরপত্র অনুমোদিত হবে ২য় পর্যায়ে সে সকল হাট-বাজারের কোন সিডিউল বিক্রয় করা হবে না । অর্থাৎ পুনঃ দপরপত্রের ক্ষেত্রে ঐ হাট-বাজারটির নাম বাদ দেয়া হয়েছে মর্মে গণ্য হবে এবং ২য়-৪র্থ পর্যায় পর্যন্ত একইরূপে ইজারা কার্যক্রম চলবে এবং এ জন্য আলাদা বিজ্ঞপ্তি জারি করা হবে না। |
| ০২ | বাওনারা | ঐ | ১৫৩০৭/- | ৫০০/- | | | |
| ০৩ | রাজধরপুর | ঐ | ১০৬৭১/- | ৫০০/- | | | |
| ০৪ | বহরপুর | বহরপুর | ৯২২২৭০৭/- | ১৯২০০/- | | | |
| ০৫ | তেতুলিয়া | ঐ | ৪৫৯৫১০/- | ১৬০০/- | | | |
| ০৬ | আড়কান্দি | ঐ | ৪০৫৩১২/- | ১৬০০/- | | | |
| ০৭ | বাঘুটিয়া | ঐ | ১৬২৫৩/- | ৫০০/- | | | |
| ০৮ | সোনাপুর | নবাবপুর | ২৫৫২৩৭৪/- | ৫৮০০/- | | | |
| ০৯ | বেরুলী | ঐ | ৩৮৪০৭৩/- | ১৪০০/- | | | |
| ১০ | আনন্দবাজার | ঐ | ১৫৬৫৩/- | ৫০০/- | | | |
| ১১ | নারুয়া | নারুয়া | ১৮৩৪৩১০/- | ৪৪০০/- | | | |
| ১২ | বালিয়াকান্দি | বালিয়াকান্দি | ৩২০২০৮৩/- | ৭২০০/- | | | |
| ১৩ | শালমারা | ঐ | ৩১১২৯/- | ৫০০/- | | | |
| ১৪ | সমাধিনগর | জংগল | ১০১৪২৯৮/- | ২৮০০/- | | | |
| ১৫ | ত্রিমোহনী | ঐ | ১৩৫৫০৩/- | ১০০০/- | | | |
| ১৬ | জংগল | ঐ | ১২৭৫৫৩/- | ১০০০/- | | | |
| ১৭ | জামালপুর | জামালপুর | ৫১৩১৫৫৩/- | ১১০০০/- | | | |
| ১৮ | সাংগুড়া | ঐ | ১৬৯৬/- | ৫০০/- | | | |

**১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী**

১। বাংলা ১৪৩০ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর (সরকারী মূল্যের উপরে) গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের ইজারা মূল্য (সরকারী মূল্য) হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে। ২য় হতে ৪র্থ পর্যায় পর্যন্ত দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারী ইজারা মূল্যের কম হয় তাহা হইলে ইজারা

(চলমান পাতা-২)